

যুগ্মাত্মক

মাদারগঞ্জে মাদ্রাসায় শিক্ষকের নির্যাতনের শিকার ৬ শিক্ষার্থী

প্রকাশ : ১৪ জুলাই ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংক্রান্ত

 মাদারগঞ্জ (জামালপুর) প্রতিনিধি

জামালপুরের মাদারগঞ্জে মুসতানির ইন্টারন্যাশনাল একাডেমি নামে এক মাদ্রাসার আরবি শিক্ষক কর্তৃক পাশবিক নির্যাতনের শিকার হয়েছে ৬ শিশু শিক্ষার্থী। ঘটনা প্রকাশ হওয়ার পর পালিয়েছে অভিযুক্ত আরবি শিক্ষক মাওলানা ইয়াকুব আলী খোকন। অভিভাবকদের চাপের মুখে শনিবার আবাসিক শিক্ষার্থীদের ছুটি দিয়ে মাদ্রাসা তালাবদ্ধ করে রেখেছে কর্তৃপক্ষ।

জানা গেছে, মাদারগঞ্জ উপজেলা চতুর এলাকায় ২০১৪ সালে প্রতিষ্ঠিত মুসতানির ইন্টারন্যাশনাল একাডেমির ২৬ জন আবাসিক শিক্ষার্থীসহ শতাধিক ছাত্রছাত্রী পড়ালেখা করে। শনিবার অভিভাবকরা মাদ্রাসায় গেলে আরবি শিক্ষক ইয়াকুব আলী খোকনের বলৎকারের ঘটনা প্রকাশ পায়। মাদ্রাসার পথওয়ে শ্রেণীর এক আবাসিক শিক্ষার্থী জানায়, মাদ্রাসার ছাত্রবাসের পাশেই রাতে ঘুমাতেন শিক্ষক ইয়াকুব আলী খোকন। তার অসভ্য আচরণের ব্যাপারে শিক্ষার্থীরা অন্য শিক্ষকদের কাছে অভিযোগও করেছে। তারপরও ইয়াকুব আলী হজুর ছাত্রদের সঙ্গে কুর্কম চালিয়ে যায়।

নাম প্রকাশে অনিচ্ছুক আবাসিক শিক্ষার্থীদের অভিভাবকরা জানান, গত ৬-৭ মাস ধরে ইয়াকুব আলী তাদের সন্তানদের নির্যাতন করে আসছে। ভয়ে শিশু সন্তানরা কিছু বলেনি। শনিবার একজন শিক্ষার্থী অসুস্থ হয়ে পড়লে তার মাকে ঘটনা বলে দেয়। ঘটনার প্রকাশের পর প্রতিষ্ঠানের প্রধান মীর ছানাউল্লাহ অভিযুক্ত শিক্ষকের বিরুদ্ধে মাদারগঞ্জ থানায় লিখিত অভিযোগ করেছেন। উপজেলা নির্বাহী কর্মকর্তা আমিনুল ইসলাম জানান, তিনি ওই মাদ্রাসায় পুলিশ পাঠিয়েছেন। তারা এ ন্যূনতমের ঘটনার তদন্ত করে ব্যবস্থা নেবে।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।
ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার
বেআইনি।